

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৩১

১১/ জানাযা

পরিচ্ছেদঃ রুগ্ন ব্যক্তির জন্য 'আমার যন্ত্রণা হচ্ছে' অথবা 'আমার প্রচণ্ড ব্যথা হচ্ছে' কিংবা 'আমার জ্বর হয়েছে' কিংবা 'হায়! আমার মাথা গেল' ইত্যাদি বলা জায়েয; যদি তা আল্লাহর প্রতি অসম্ভুষ্টি প্রকাশের জন্য না হয়

আববী

عَنْ جَابِرٍ أَنَّ رَسُولَ اللهِ عَيَالِيُّ دَخَلَ عَلَى أُمِّ السَّائِبِ أَو أُمِّ المُسَيِّبِ فَقَالَ مَا لَكِ يَا أُمَّ السَّائِبِ أَو أُمِّ المُسيِّبِ فَقَالَ مَا لَكِ يَا أُمَّ السَّائِبِ - أَو يَا أُمَّ المُسيَّبِ - تُزَفْزِفِينَ ؟ قَالَتْ : الحُمَّى لاَ بَارَكَ اللهُ فِيهَا فَقَالَ لاَ تَسُبِّي الصَّمَّى فَإِنَّهَا تُذْهِبُ الكِيْرُ خَبَثَ الحَدِيدِ رواه مسلم الحُمَّى فَإِنَّهَا تُذْهِبُ خَطَايَا بَنِي آدَمَ كَمَا يُذْهِبُ الكِيْرُ خَبَثَ الحَدِيدِ رواه مسلم

বাংলা

(১২৩১) জাবের (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (একবার) উম্মে সায়েব কিংবা উম্মে মুসাইয়িবের নিকট প্রবেশ করে বললেন, হে উম্মে সায়েব কিংবা উম্মে মুসাইয়িব! তোমার কী হয়েছে যে, থর্থর্ করে কাঁপছ? সে বলল, জ্বর হয়েছে; আল্লাহ তাতে বরকত না দেন। (এ কথা শুনে) তিনি বললেন, জ্বরকে গালি দিয়ো না। জ্বর তো আদম সন্তানের পাপ মোচন করে; যেমন হাপর (ও ভাটি) লোহার ময়লা দূর করে ফেলে।

ফুটনোট

(মুসলিম ৬৭৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন